

উপজেলা প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক স্ট্যান্ডিং কমিটির কার্যবিবরণী:

- সভাপতি : জনাব মোছাঃ ফিরোজা বেগম
মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরল, দিনাজপুর।
- তারিখ : ১১/০৮/২০২২ খ্রিঃ
- সময় : সকাল- ১০.৩০ টা।
- স্থান : উপজেলা পরিষদ মহিলা ভাইস চেয়ারম্যানের কক্ষ।
- সভায় উপস্থিত সদস্য বৃন্দঃ পরিশিষ্ট - 'ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতি সভার কার্যক্রম পরিচালনার জন্য সদস্য সচিবগণকে অনুরোধ জানান। কমিটির সদস্য সচিব বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। কার্যবিবরণীতে কোনরূপ সংশোধন বা বিয়োজন না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়। অতঃপর কমিটির কার্যক্রমের নিম্নোক্ত আলোচনা হয় এবং নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্রঃ নং	কমিটির নাম	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত/বাস্তায়নকারী কর্তৃপক্ষ	বাস্তায়নকারী কর্তৃপক্ষ
০১	প্রাথমিক ও গণশিক্ষা কমিটির সভা	উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও শিক্ষা সংশ্লিষ্ট সকলকে স্বাগত জানিয়ে প্রাথমিক শিক্ষায় সহযোগিতা করার জন্য আহ্বান জানান। নিজ নিজ এলাকার বিদ্যালয়গুলো মনিটরিং করার জন্য অনুরোধ করেন। বিদ্যালয়গুলোতে স্বাস্থ্যবিষয়ক কর্ণার স্থাপনের জন্য পরামর্শ প্রদান করা হয়েছে। ইহা ছাড়াও বিদ্যালয়ের পরিবেশ পরিচ্ছন্ন রাখার উপর যথেষ্ট গুরুত্ব দিয়ে পরামর্শ প্রদান করা হয়েছে। এছাড়াও মগ, জগ, বালতি, ইনফ্রায়েড থার্মোমিটার, সাবান, ব্লিচিং পাউডার, হ্যান্ড স্যানিটাইজার, টিস্যু ইত্যাদি ক্রয় করার জন্য বলা হয়েছে। উপজেলা প্রকৌশলীকে প্রকল্পন প্রস্তুত করে সহযোগিতা করা জন্য অনুরোধ করা হলো।	চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে।	উপজেলা শিক্ষা কর্মকর্তা, সহকারী উপজেলা শিক্ষা কর্মকর্তা ও এস এম সি।

আর অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১১/০৮/২০২২

মোছাঃ ফিরোজা বেগম
মহিলা ভাইস চেয়ারম্যান
ও

সভাপতি
প্রাথমিক ও গণশিক্ষা কমিটি
বিরল, দিনাজপুর।